দৈনিক সংবাদ

তারিখ ... 06 MAR 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...

179

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ শিবির সংঘর্ষ, আহত ১০

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিবিরের বহিরাগত ক্যাডারদের আনাগোনা ইদানীং আবার বেড়ে গেছে। গতকাল বৃহস্পতিবার ক্যাম্পাসে শিবিরের এক সমাবেশকে কেন্দ্র করে শিবিরের বহিরাগত ক্যাডার ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে এক সংঘর্ষে ৯/১০ জন যুবক আহত হয়েছে। আহতদের সবাই বহিরাগত।

গতকাল বেলা দুটায় ক্যাম্পাসের জারুলতলা চত্বরে শিবির আয়োজিত সমাবেশ থেকে ছাত্রলীগ নেতৃবৃন্দের নামে উস্কানিমূলক শ্লোগান দিতে থাকলে ছাত্রলীগ কর্মীরাও পাল্টা মিছিল বের করে। পরে আবার আড়াইটার দিকে বিশ্ববিদ্যালয় স্টেশন চত্বরে উভয় সংগঠন একই সাথে মিছিল বের করলে সংঘর্ষ বাঁধে।